মেহেরপুর জেলা ছাত্রদলের সমাবেশ ও মিছিল

“আমার প্রথম ভোট বাংলাদেশের পক্ষে হোক, আমার প্রথম ভোট ধানের শীষের পক্ষে হোক” এই স্লোগানকে সামনে রেখে সমবেশ ও মিছিল করেছে মেহেরপুর জেলা ছাত্রদল।

বৃহস্পতিবার বিকালে মেহেরপুর সড়ক বিভাগের সামনে থেকে একটি মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কাথুলি বাসস্ট্যান্ডে গিয়ে শেষ হয়।

আগে সেখানে সমাবেশ করা হয়। সমাবেশের সভাপতিত্ব করেন জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির।

সঞ্চালনা করেন জেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ম সম্পাদক রাশিদুল ইসলাম রাজন।

সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় বিএনপি’র নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

বক্তারা বলেন, ছাত্রদলের স্লোগান আমার প্রথম ভোট বাংলাদেশের পক্ষে হোক, আমার প্রথম ভোট ধানের শীষের পক্ষে হোক। একটি মহল জুলাই অভ্যুত্থান নিয়ে ষড়যন্ত্র করছে। এর আগে স্বৈরাচার হাসিনা একাত্তরের মুক্তিযোদ্ধা চেতনা নিয়ে জনগণের সাথে ধোঁকাবাজি করেছে। আরেকদল ধর্মকে পুঁজি করে মানুষের কাছে বিভ্রান্ত ছড়াচ্ছে। আমাদের সকলকে ঐক্য থাকতে হবে। সমস্ত ষড়যন্ত্রকে রুখতে হবে। বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বিবিসিকে সাক্ষাৎকার দেওয়াটা বাংলাদেশের জন্য একটি দলিল।

গাংনীতে বিএনপি নেতাকে আগ্নেয়াস্ত্রসহ আটকের প্রতিবাদে সাংবাদিক সম্মেলন

আগ্নেয়াস্ত্র, গুলি ও ম্যাগাজিনসহ বিএনপি নেতা গোলাম মোস্তফা ডাকুকে গ্রেফতারের প্রতিবাদ এবং তার নিঃশর্ত মুক্তির দাবিতে সাংবাদিক সম্মেলন করেছেন গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

গতকাল সোমবার দুপুর আড়াই টার সময় আসাদুজ্জামান বাবলুর গাংনী হাসপাতাল বাজারস্থ অফিসে এই সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সময় গাংনী পৌর স্বেচ্ছাসেবক দলের সাবেক সভাপতি শাজাহান সেলিম, গাংনী পৌর জাসাসের সাধারণ সম্পাদক সুলেরী আলভী, মেহেরপুর জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হুসাইনসহ বিএনপি নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

লিখিত বক্তব্যে আসাদুজ্জামান বাবলু বলেন, গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি যে, ইদানীং দলের ভাবমূর্তি ক্ষুণ্ন করার জন্য বিভিন্ন স্বার্থনেষী মহল অপচেষ্টা চালিয়ে যাচ্ছে। অন্তর্বর্তী সরকার ঘোষিত জাতীয় নির্বাচনের রোডম্যাপ বানচাল করার জন্য আইনশৃঙ্খলা পরিস্থিতির দোহাই দিয়ে বিএনপি নেতাকর্মীদের বিরুদ্ধে অযাচিতভাবে চাঁদাবাজি, অস্ত্রবাজিসহ এ ধরনের মিথ্যা অভিযোগ এনে উদ্দেশ্যপ্রণোদিতভাবে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী গ্রেফতার করছে।

এই ধারাবাহিকতায় গাংনী পৌর বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক ও ৪ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা ডাকুকে নিজ বাড়ি থেকে গ্রেফতারের নাটক সাজানো হয়েছে। এ ধরনের অনাকাঙ্ক্ষিত গ্রেফতার করে দলের ভাবমূর্তি ক্ষুণ্ন করা হচ্ছে। গোলাম মোস্তফা ডাকু বিগত স্বৈরাচারবিরোধী আন্দোলনে রাজপথের লড়াকু সৈনিক। তার বিরুদ্ধে খুনি হাসিনা সরকার বিভিন্ন মিথ্যা অভিযোগে ১০টি মামলা দায়ের করেছে। ফ্যাসিস্ট সরকার তার বিরুদ্ধে বিভিন্ন মামলা করলেও এ ধরনের নাটক সাজিয়ে আগ্নেয়াস্ত্র দিয়ে ফাঁসানোর চেষ্টা করা হয়নি। দলের নেতাকর্মীদের মনোবল ভেঙে দেওয়া ও জাতীয় সংসদ নির্বাচন বানচাল করার জন্য এটি একটি গভীর ষড়যন্ত্র।

জাতীয়তাবাদী দলের গাংনী উপজেলা ও পৌর শাখার এই অপ্রত্যাশিত এবং অনাকাঙ্ক্ষিত গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে। অবিলম্বে গোলাম মোস্তফা ডাকুকে নিঃশর্ত মুক্তি দিতে হবে এবং যাদের ষড়যন্ত্রে এই মিথ্যা নাটক সাজানো হয়েছে তাদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে হবে। বিষয়টি অধিকতর তদন্তের জন্য সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাদের অনুরোধ জানান তিনি।

এদিকে গোলাম মোস্তফা ডাকুকে গ্রেফতারের পর থেকেই সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে নিন্দার ঝড় উঠেছে। তার গ্রেফতারকে সাজানো নাটক আখ্যায়িত করে বিভিন্ন ব্যক্তি পোস্ট দিচ্ছেন। কেউ বলেছেন, গাংনীতে একই অস্ত্র দিয়ে র্যাব বারবার একাধিক ব্যক্তিকে চালান দিচ্ছে। যা ফ্যাসিবাদী সরকারের সময়ের সেই রূপ। কেউ কেউ তীব্র নিন্দা জানাচ্ছেন।

উল্লেখ্য, গাংনী পৌর বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক ও ৪ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা ডাকুকে গতকাল সোমবার ভোররাত সাড়ে ৪টার সময় তার নিজ বাড়ি চৌগাছা থেকে আটক করেন র্যাব ও সেনাবাহিনীর নেতৃত্বে যৌথবাহিনী। এ সময় একটি বিদেশি পিস্তল, ৩ রাউন্ড তাজা গুলি ও দুটি ম্যাগাজিন উদ্ধারের দাবি করেছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি-৩ মেহেরপুরের গাংনী ক্যাম্প। বেলা সাড়ে ৯টার দিকে র্যাব-১২ গাংনী ক্যাম্পের পক্ষ থেকে ছবি ও তথ্য সরবরাহ করে সাংবাদিকদের তা নিশ্চিত করা হয়।

শৈলকুপায় গণঅধিকার পরিষদের বিক্ষোভ মিছিলে ছাত্রদলের হামলা, আহত-৫

ঢাকায় গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরের উপর হামলার প্রতিবাদে ঝিনাইদহের শৈলকুপায় গণ অধিকার পরিষদের প্রতিবাদে বিক্ষোভ মিছিলে হামলা করেছে ছাত্রদল।

এতে অন্তত ৫ জন আহত হয়েছে। গতকাল শুক্রবার রাত ৯ টার দিকে উপজেলা শহরের শৈলকুপা ব্রীজ এলাকায় সামনে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, ঢাকায় গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরে’র উপর হামলার প্রতিবাদ শুক্রবার রাত ৯ টার দিকে ঝিনাইদহের শৈলকুপায় বিক্ষোভ মিছিল বের করে গণ অধিকার পরিষদ। মিছিলটি পাইলট স্কুলের সামনে থেকে বের হয়ে ব্রীজের উপর আসলে উপজেলা ছাত্রদলের আহ্বায়ক সাইদুর রহমান মিঠু, সদস্য সচিব আল-আমিন, পৌর ছাত্রদলের আহ্বায়ক ইকবাল হোসেনেরে নেতৃত্বে ১০/১৫ জন মোটরসাইকেলে এসে হামলা করে। এতে গণঅধিকার পরিষদ জেলা শাখার সাংগঠনিক সম্পাদক রাব্বি হাসান, উপজেলা শাখার সভাপতি মেহেদি হাসানসহ ৫ জন আহত হয়। সেখান থেকে তাদের উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক রাব্বিকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়। অন্যরা জেলা ও বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নিচ্ছে।
এ ব্যাপারে শৈলকুপা থানার ওসি মাসুম খান বলেন, বিক্ষোভ মিছিলে হামলার ঘটনায় শাহজাহান নামের ছাত্রদলের একজনকে আটক করা হয়েছে। আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

গুপ্ত সংগঠনের অপচেষ্টার প্রতিবাদে মেহেরপুরে ছাত্রদলের বিক্ষোভ মিছিল

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্র ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর জেলা ছাত্রদল বিক্ষোভ মিছিলের আয়োজন করে। দীর্ঘদিন ধরে গোপন তৎপরতায় অভ্যস্ত একটি গুপ্ত সংগঠন কর্তৃক জনমনে আতঙ্ক সৃষ্টি, শিক্ষাপ্রতিষ্ঠানে সুষ্ঠু পরিবেশ বিনষ্ট এবং সারাদেশে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির প্রতিবাদে এ কর্মসূচি পালন করা হয়।

জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লবের নেতৃত্বে বিক্ষোভ মিছিলে অংশগ্রহণ করেন জেলা ছাত্রদলের সহ-সভাপতি জুয়েল রানা, মেহেরপুর পৌর ছাত্রদলের সদস্য সচিব জারজীস ইউসুফ রমিক,

মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক ফাহিম আহনাফ লিংকন, গাংনী উপজেলা ছাত্রদলের সদস্য সচিব রিপন হোসেন, গাংনী পৌর ছাত্রদলের সদস্য সচিব শিশির আহমেদ শাকিলসহ বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ।

ছাত্রদলের নেতারা অভিযোগ করেন, একটি স্বার্থান্বেষী মহল শিক্ষাঙ্গনে অস্থিরতা সৃষ্টির মাধ্যমে শিক্ষার্থীদের ভবিষ্যৎ ধ্বংসের পাঁয়তারা চালাচ্ছে। তারা এই ষড়যন্ত্রের বিরুদ্ধে ছাত্রসমাজকে ঐক্যবদ্ধ হয়ে রুখে দাঁড়ানোর আহ্বান জানান।

বিশ্ব পরিবেশ দিবসে দর্শনায় ছাত্রদলের বৃক্ষরোপণ কর্মসূচি

“সবুজে বাঁচুক দেশ, সবার আগে বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদ ঘোষিত ১৫ দিন ব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন কর্মসূচির অংশ হিসেবে দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের পক্ষ থেকে কৃষ্ণচূড়া ও নিম গাছ রোপণ করা হয়।

আজ রবিবার বেলা সাড়ে ১১ টার দিকে দর্শনা সরকারি কলেজ চত্বরে প্রথম দিনের বৃক্ষরোপন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। এ সময় উপস্থিত ছিলেন, দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক ফজলুর রহমান, সদস্য সচিব পলাশ আহমেদ, সিনিয়র যুগ্ম আহবায়ক মোফাজ্জল হোসেন মোফা, যুগ্ম আহ্বায়ক শাফায়েত জামিল পাপ্পু, ১নং সদস্য হাসান আলী, ডিপার্টমেন্ট ছাত্রদল নেতা- আব্দুল হাই, মুশফিকুর রহমান সাইফ, অমিন হাসান, ফারুক হোসেন, শেখ রায়হান, লিখন হাসান, জুবায়েরুল হাসান নিশান, সজীব হাসান, ইয়াসিন আরাফাত, রাহুল জোয়র্দ্দার ও শেখর শাওন প্রমুখ।

এ বিষয়ে দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের সদস্য সচিব পলাশ আহমেদ জানান, সবুজে বাঁচুক দেশ, সবার আগে বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদ ঘোষিত ১৫ দিন ব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানে

বৃক্ষরোপন কর্মসূচির অংশ হিসেবে দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের পক্ষ থেকে কৃষ্ণচূড়া ও নিম গাছ রোপণ করা হয়েছে। পর্যায়ক্রমে দর্শনার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এই বৃক্ষ রোপণ কর্মসূচি চলমান থাকবে।

চুয়াডাঙ্গায় অস্ত্রসহ ছাত্রদল নেতাকে আটক করেছে সেনাবাহিনী

চুয়াডাঙ্গায় একটি আগ্নেয়াস্ত্রের অংশবিশেষ ও ১৮টি দেশীয় অস্ত্রসহ ছাত্রদল নেতা নাজমুল আরেফিন কিরণ (৩৪) কে আটক করেছে সেনাবাহিনী।

বৃহস্পতিবার (১৯ জুন) ভোরে অভিযান চালিয়ে পৌর এলাকার গুলশানপাড়ার বাড়ি থেকে তাকে আটক করা হয়। আটক নাজমুল আরেফিন কিরণ শহরের গুলশানপাড়ার মৃত জিন্নাত আলীর ছেলে। তিনি চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক।

চুয়াডাঙ্গা সেনা ক্যাম্প সূত্রে জানা গেছে, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে বৃহস্পতিবার ভোরে নাজমুল আরেফিন কিরণের গুলশানপাড়ার বাড়িতে পুলিশ ও সেনাবাহিনীর যৌথ অভিযানে অস্ত্র উদ্ধার অভিযান পরিচালনা করা হয়। অভিযানে তার বাড়ির বিভিন্ন স্থান থেকে একটি থ্রি-নট-থ্রি রাইফেলের অংশবিশেষ, ১৮টি দেশীয় অস্ত্র যার মধ্যে রয়েছে ৩টি চাপাতি, ৬টি বড় ছুরি, ৩টি রামদা, ৬টি তরবারি, এছাড়াও একটি ল্যাপটপ ও একটি মোবাইলফোন উদ্ধার করা হয়।

তার বিরুদ্ধে মামলা দিয়ে তাকে চুয়াডাঙ্গা সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক মোমিন মালিতা বলেন, “জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক নাজমুল আরেফিন কিরণকে সেনাবাহিনী ও পুলিশের যৌথ অভিযানে আটক করা হয়েছে বলে শুনেছি।”

চুয়াডাঙ্গা সদর থানার ওসি খালেদুর রহমান জানান, সেনাবাহিনী আটক নাজমুল আরেফিনকে সদর থানায় হস্তান্তর করেছে। এ বিষয়ে পরবর্তী

পদক্ষেপ নেওয়া হচ্ছে।

কুষ্টিয়ায় ছাত্রদলের অনন্য উদ্যোগ

কুষ্টিয়ার মিরপুরে চলমান এসএসসি ও সমমান পরীক্ষার শিক্ষার্থী এবং অভিভাবকদের জন্য খাবার সালাইন ও পানিসহ ছায়া যুক্ত বসার স্থানের ব্যবস্থা করেছে ছাত্রদল।

আজ সোমবার সকালে কুষ্টিয়ার মিরপুর উপজেলা ও পৌর ছাত্রদলের আয়োজনে মিরপুর পাইলট উচ্চ বিদ্যালয় ও মিরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে খাবার সালাইন, পানি ও ফাস্ট এইড বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন কুষ্টিয়া জেলা ছাত্রদলের সদস্য সচিব খন্দকার তসলিম উদ্দিন নিশাত।

এ সময় কেন্দ্রে পরীক্ষার্থীদের প্রবেশের সময় পানির বোতল ও খাবার স্যালাইন প্রদানসহ শিক্ষার্থীদের অভিভাবকদের বিশ্রাম এর জন্য অস্থায়ী শেড নির্মাণ করে তাদের জন্য খাবার স্যালাইন ও পানির ব্যবস্থা করা হয়।

এব্যাপারে কুষ্টিয়া জেলা ছাত্রদলের সদস্য সচিব খন্দকার তসলিম উদ্দিন নিশাত বলেন, বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও ছাত্রদলের সাংগঠনিক অভিভাবক তারেক রহমানের নির্দেশনায় এসএসসি ও সমমানের পরীক্ষার্থীদের জন্য মিরপুর উপজেলা ও পৌর ছাত্রদলের আয়োজনে আমরা সেবা কেন্দ্র চালু করেছি। উক্ত সেবা কেন্দ্রে শিক্ষার্থীদের অভিভাবকগণ বিশ্রাম গ্রহণ করতে পারবেন এবং সেখানে তারা বিনামূল্যে খাবার স্যালাইন ও পানি খেতে পারবেন। এছাড়াও শিক্ষার্থীদের জন্যও আমরা খাবার স্যালাইন ও পানির ব্যবস্থা করেছি।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মিরপুর উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আতিকুর রহমান তুষার, সদস্য সচিব সাব্বির আহমেদ, পৌর ছাত্রদলের সদস্য সচিব মনিরুজ্জামান, যুগ্ম আহ্বায়ক রানা আহমেদ প্রমুখ।

পারভেজ হত্যার দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে দর্শনায় ছাত্রদলের মানববন্ধন

বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শাখা ছাত্রদলের ১২৩ ব্যাচের টেক্সটাইল বিভাগের মেধাবী শিক্ষার্থী জাহিদুল ইসলাম পারভেজকে নৃশংস হত্যার প্রতিবাদে দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বেলা ১১ টার দিকে দর্শনা সরকারী কলেজ শহীদ মিনার চত্তরে মোফাজ্জল হোসেন মোফা’র সভাপতিত্বে মানববন্ধন অনুষ্ঠিত হয়। এ মানববন্ধনে বক্তব্য রাখেন কলেজ ছাত্রদলের সদস্য সচিব পলাশ আহমেদ, যুগ্ন আহ্বায়ক সাফায়েত জামিল পাপ্পু, আসিফ হাসান, রাজু আহমেদ, রাকিবুল হাসান রিফাত, আমিন হাসান, মুশফিকুর রহমান, সাইফ, আব্দুল হাই, নাফিস ইকবাল, নিশান, এছাড়া জেলা ছাত্রদলের সহ-সভাপতি মোরশেদুর রহমান লিংকন, যুগ্ন সম্পাদক আলতাফ হোসেন, পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক আব্দুল মুকিত ও হাসিবুল হাসান শান্ত এবং দর্শনা থানা ছাত্রদলের যুগ্ন আহ্বায়ক সামাউল হাসান, সাহেদ ইসলাম সুজন ও দর্শনা ডি এস মাদ্রাসা ছাত্রদলের সভাপতি শাহাব আহম্মেদ প্রমুখ।

এ সময় বক্তরা ছাত্রলীগ ও বৈষম্য বিরোধী ছাত্রদের হত্যার দায়ী করেন। এবং পারভেজ হত্যা কারি ও সন্ত্রাসীদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিতের দাবি করেন। বক্তরা আরও বলেন পারভেজ কলেজ চত্তরের পাশে বসে ছিল, পাশ থেকে দুইটা মেয়েকে দেখে হাসে। পরে সে মেয়েটি তার বয় ফ্রেন্ডকে খবর দিলে তারা ৭-৮ জন এসে বুকে ছুরি দিয়ে আঘাত করে নৃশংস ভাবে খুন করে। এমন জঘন্যতম খুনের ঘটনায় তাদের গ্রেফতার ও শাস্তির দাবি করেন এ মানববন্ধনে।

ঝিনাইদহে ছাত্রদলের নেতৃবৃন্দের মিলন মেলা

ঝিনাইদহ সরকারী কেশব চন্দ্র কলেজ ছাত্রদলের সাবেক বর্তমান নেতৃবৃন্দ ও শিক্ষার্থীদের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

ছাত্রদলের কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে গতকালশনিবার (৫ এপ্রিল) সকালে কলেজ চত্বরে সরকারী কেসি কলেজ ছাত্রদল এ অনুষ্ঠানের আয়োজন করে।
সেসময় কলেজের প্রাক্তন ও বর্তমান ছাত্র দলের নেতৃবৃন্দ ও সাধারণ শিক্ষার্থীরা অংশ গ্রহনর করে।

এতে জেলা বিএনপি’র সভাপতি সাবেক ছাত্রনেতা এ্যাড. এমএ মজিদ, কেসি কলেজের সাবেক ভিপি ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাড. কামাল আজাদ পান্নু, জেলা বিএনপির যুগ্ম-সাধারণ সম্পাদক ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাবেক এজিএস সাজেদুর রহমান পপ্পু, যুবদলের সভাপতি সাবেক ছাত্রনেতা আহসান হাবিব রনক, যুবদলের সাধারন সম্পাদক সাবেক ছাত্রদল নেতা আশরাফুল ইসলাম পিন্টু, জেলা ছাত্রদলের সভাপতি সমিনুজ্জামান সমিন, সাধারণ সম্পাদক মুশফিকুর রহমান ও কলেজ ছাত্র দলের সদস্য সচিব মেহেদী হাসানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, ঈদ পুনর্মিলনীর মাধ্যমে পারস্পরিক সৌহার্দ্য, ঐক্য ও সাংগঠনিক বন্ধন আরও দৃঢ় করার আহ্বান জানিয়ে বলেন, ছাত্রদলের সাবেক ও বর্তমান নেতৃবৃন্দ এবং সাধারণ শিক্ষার্থীদের একসাথে মিলিত হওয়ার এমন আয়োজন ভবিষ্যতে দলীয় কার্যক্রমে ইতিবাচক প্রভাব ফেলবে।

এই আয়োজনের জন্য সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও এমন মিলনমেলার ধারাবাহিকতা বজায় রাখার আহ্বান জানান।

মেহেরপুরে জেলা যুবদল ও ছাত্রদলের প্রতিবাদ মিছিল

আওয়ামী লীগের বিভিন্ন নৈরাজ্য সন্ত্রাসী মূলক কর্মকান্ডের বিরুদ্ধে মেহেরপুর জেলা যুবদল ও ছাত্রদলের প্রতিবাদ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার রাত আটটার দিকে জেলা বিএনপি’র কার্যালয় থেকে মিছিলটি বের হয় প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পৌরসভা সামনে শেষ হয়। এ সময় উপস্থিত ছিলেন জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ, মাহবুব সানি, সাবেক ছাত্রনেতা অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক সাঈদ বিন রফিক সিজার,

জেলা যুবদলের সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান জনি, জেলা যুবদলের সদস্য মোঃ রাকিবুল ইসলাম সজল, জেলা যুবদলের সদস্য মোঃ রেমিম, পৌর ছাত্রনেতা ফুর্তি হাসান, জেলা জিয়া সাইবার ফোর্স যুগ্ন আহবায়ক নাজমুল হাসান সোহাগ সহ ছাত্রদল ও যুবদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।